

অরিত্র চট্টোপাধ্যায়

সিনেমায় যেমন

প্রস্তাবনা

দেবতাকে দেখব বলে আমরা বারেবারে খানিক মরে গেছি
শর-বনের আড়ালে আমাদের সে গোপন শ্বাসরোধী খেলা
দেখে গুঁত পাতা শিকারীর বড় আদিম প্রবৃত্তি জেগে উঠেছিল -
আমার পূর্বপুরুষেরা আসলে লুক্ক -
অবসরে পাখপাখালি দেখতে ভালবাসতেন
কেন জানি জন্মের সময় মনে হয়েছিল খুব উঁচু থেকে
ক্রমশ পড়ে যাচ্ছি - জলের গভীর থেকে গভীরে
বুদুদগুলো ফেটে যাচ্ছিল আর একটা বুড়ো ঘোড়া
ছটফট করছিল বরফের ওপর-
সেই থেকে সারা জীবন
আমি একটা একচোখো বাক্সের ভেতর বসে আছি
আর অবলোকন করছি - তোমাদের
একদিন ঘটনাচক্রে নারীদেহের জ্যামিতির ভেতর
আমি পাখির পেলবতার সেই রহস্য উন্মোচন করি-
আমার সীমিত শরীরের সকল সম্ভাবনা আবিষ্কার করতে
এরপর আমি সিনেমা বানানোর কথা ভেবেছিলাম ...

[চলচ্চিত্র অনুপ্রেরণাঃ Boro in the box (2011) - Bertrand Mandicor]



[চলচ্চিত্র অনুপ্রেরণাঃ Sátántangó (1994) - Bela Tarr URL: <https://youtu.be/jqGnfxa8-pg>]

ধীর গতির কবিতা

আমি তত স্পষ্ট করেও আর কিছু বলতে চাইনা
আমার এই স্থির সিদ্ধান্তের আড়ালে
খুব ধীর গতির একটা ক্যামেরা রাখা আছে
ছোট, যেন দূরবর্তী কোন জনপদ-
তার আরও দূর চলে যাওয়া পর্ণমোচী পথ
অন্ধবিন্দু থেকে উঠে আসছে একটি মেয়ে
উঠে আসছে দ্রুত, সাথে একটি মৃত বেড়ালছানা
তার ভেজা মুখাবয়বের কাছে আমাদের যাবতীয় ভাষা
এত বেশী দুর্বল- ক্যামেরার কাচ মুছে নিতে নিতে মনে হয়
অনেকদিনের জন্য যার হয়তোবা থাকার কথা ছিল
আসা ইস্তক সে কেবলই ফিরে যেতে চেয়েছে
জীবন যতটা ঘটনাবহুল হবে বলে আমরা ভেবেছিলাম
আদতে এখানে তা হয়নি-
শুধু খুব পুরনো একটা লাইটহাউসের বিপক্ষে

বারে বারে হেঁটে চলে গেছে ভিন্ন বয়সের একই মানুষ
আমরা তাকে ধরে রাখতে পারিনি
ক্যামেরা হয়তো তার চলে যাওয়াটুকু ধরে রেখেছে...

গোয়েন্দা কাহিনী

আমি জানি এটা একটা থ্রিলার
যার শেষটা পাল্টে যাচ্ছে
পুরোপুরি লিখে ফেলার আগেই,
টুপি হাতে ডিটেকটিভ, ঢুকে পড়ছেন ফ্ল্যাটে
তার ভেজানো দরজাগুলো
ঠিক কতটা মেলাঙ্কলিক
ডিটেকটিভ ঝুঁকে পড়ে দেখেন
কালো কেটলির গায়ে লাগা ছাপ
আতস কাচের ওপাশে
প্লেনের ডানার মত কয়েকটা বাচ্চা কাঁদে
আমাদের রেডিও মনে পড়ে
আর একটা নীল ঘোড়ার কথা
আমি সারাদিন ভাবছি, এই সাদা কালো ফ্ল্যাটে
খুব বেমানান একটা নীল ঘোড়া হারিয়ে গেছে
শেষতক জানা নেই কিন্তু আমি জানি এটা একটা থ্রিলার
যেভাবে বাস্তবগুলো অকারণে জ্বলে আর নেভে
আর ক্লান্ত ডিটেকটিভ ক্রমাগত সুইচের খোঁজ করেন
এসব সময়ে আমার ভেতরে কেউ

একটা টাইপরাইটার বরাবর খটখট শব্দে

তাঁর টুপি হাতে একাকী চলে যাওয়াটুকু লেখে...

[চলচ্চিত্র অনুপ্রেরণা: Horse in the House [LÓ A HÁZBAN] (1976) – György Csonka URL:
<https://mubi.com/films/horse-in-the-house>]

বিকেলের গান

মনে কর একটা গান,

অথবা বিকেল জুড়ে একটা ফ্রেম

তার ভেতর কেবলই বৃষ্টি পড়ছে

খুব ধন্ধবে একটা টেবিল পাতা

অবিন্যস্ত কয়েকটি চেয়ার,

ওরা উঠে গেছে একটু আগেই

ফেলে রাখা গোলাপগুলো

ঈষৎ কেঁপে উঠছে, বৃষ্টির তোড়ে

ভেজা সামিয়ানা, শহরতলি পেরিয়ে

মনে কর ওরা চলে যাচ্ছে,

মনে কর, এমন একটা গান

যার শেষটা তোমার আজ

আর মনে পড়ছে না কিছুতেই...

[চলচ্চিত্র অনুপ্রেরণা: The Beekeeper (1986) - Theo Angelopoulos (the opening scene

ইসাবেলার গল্প

তারপর বেলা পড়ে এলে পতাকা নেমে আসে
ভবিষ্যতের ছেলেমেয়েরা ঢুকে পড়ে আয়তাকার বাড়ির পেটে
সবুজ চোখের বেড়াল সেইখানে তাদের অপেক্ষা করছে
একটি মেয়ে দলছুট তবু

লুকোচুরি করে পেরোয়

রেললাইনের গান, অসম আলচষা ক্ষেত
মাশরুম বনের আড়াল থেকে তাকে কে ডেকেছিল?
বোলো না, বোলো না সে গল্প, কারণে বোলো না কক্ষনো
পুকুরের পাড় থেকে সারি সারি হাত উঠে এসে

ঠোঁট চেপে ধরে

কেউ নয়, কেউ নয়, সেসব গোপন কথা

শুধু মৌমাছিরাজানে

পরিত্যক্ত কুয়োর ধারে কেন পড়ে থাকে আধখাওয়া আপেল
ভাঙা দেয়ালের গায়ে আজও লেগে থাকে শুকনো রক্তের দাগ

[চলচ্চিত্র অনুপ্রেরণাঃ The Spirit of the Beehive 1973 -Victor Erice]



অরিত্র চট্টোপাধ্যায়ের জন্ম ১৯৯৪। বড় হয়ে ওঠা উত্তর কলকাতার উপকণ্ঠে। পেশায় যন্ত্রবিদ, আগ্রহী জীববিজ্ঞানে, বর্তমানে আমেরিকার পার্দু বিশ্ববিদ্যালয়ে গবেষণারত। নস্টালজিয়া সংক্রান্ত যা কিছু, জীবনকে সিনেমার ফ্রেমে দেখতে এবং অবসরে তার নিজস্ব ম্যাজিক খুঁজে বেড়াতে ভালবাসেন। কবিতা সহ তাঁর সমস্ত লেখালিখিই আসলে স্বপ্ন লেখার চেষ্টা। প্রকাশিত কবিতার বই, “সার্কিস পারজানিয়ার ডায়েরি” (২০২১)।